

সন্তানের ফল পরিবর্তন চট্টগ্রাম বোর্ডের সাবেক সচিব নারায়ণ আসামি

চট্টগ্রাম ব্যুরো

২২ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

আমাদের সময়

এইচএসসি পরীক্ষায় নিজ সন্তানের ফল জালিয়াতির দায়ে সাবেক সচিব নারায়ণ চন্দ্র নাথের বিরুদ্ধে মামলা করেছে চট্টগ্রাম শিক্ষাবোর্ড কর্তৃপক্ষ। একই মামলায় শিক্ষাবোর্ডের সাবেক চেয়ারম্যান অধ্যাপক মুস্তফা কামরুল আখতার ও নারায়ণের ছেলে নক্ষত্র দেবনাথ ও বোর্ডের সাবেক সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট কিবরিয়া মাসুদ খানকেও আসামি করা হয়েছে। গতকাল বোর্ডের সচিব অধ্যাপক ড. এ. কে. এম. সামছু উদ্দিন আজাদ নগরীর পাঁচলাইশ থানায় মামলাটি করেন। পাঁচলাইশ থানার ওসি মোহাম্মদ সোলাইমান বলেন, মামলাটি তদন্তাধীন।

নারায়ণ চন্দ্র নাথ ২০২২ সালে চট্টগ্রাম শিক্ষাবোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রকের দায়িত্ব পালন করছিলেন। ওই বছর তার ছেলে নক্ষত্র দেবনাথ চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল অ্যান্ড কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় অংশ নিয়েছিল। ফল ঘোষণার পর অভিযোগ ওঠে, নারায়ণ চন্দ্র নাথ তার ছেলেকে জালিয়াতির মাধ্যমে জিপিএ ফাইভ পাইয়ে দিয়েছেন।